

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: [www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)  
ফেইসবুক পেজ: [www.facebook.com/bangladeshgeologicalsurvey](https://www.facebook.com/bangladeshgeologicalsurvey)

স্মারক নম্বর - ২৮.০৫.০০০০.০১০.০৮.০০৩.১৩.(খন্ড-১) / ৩৬৪৬

তারিখ: ১৫ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ  
৩০ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম এর ৪২ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উত্তাবনী দক্ষতা বৃক্ষি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দুট ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৪২ তম সভা গত ২৯ অক্টোবর, ২০১৮ খ্রি: তারিখ, রোজ সোমবার অপরাহ্ন ১৩.০০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

#### ২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্যসচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নাধীন উত্তাবনী উদ্যোগসমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিগত ৪১ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিস্টেম এনালিস্ট কর্তৃক প্রস্তুতকৃত জিএসবি'র অভ্যন্তরীণ ইন্টারনেট ব্যবস্থা পর্যবেক্ষণ সংক্রান্ত প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। ২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নাধীন জিএসবি'র উত্তাবনী কর্মপরিকল্পনা 'জিএসবি'র কর্মকর্তা-কর্মচারিগণের দাপ্তরিক উপস্থিতি, অবস্থান এবং দপ্তর ত্যাগের সময় নিশ্চিতকল্পে ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রবর্তন' সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক কারিগরী বিনির্দেশ (Technical Specification) প্রস্তুতকরণ বিষয়ে অলোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর সংস্থার বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ণ কাঠামো, ২০১৮-১৯ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের জন্য আলোচনা করা হয়।

#### ৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিস্টেম এনালিস্ট কর্তৃক প্রস্তুতকৃত জিএসবি'র অভ্যন্তরীণ ইন্টারনেট ব্যবস্থা পর্যবেক্ষণ সংক্রান্ত প্রতিবেদনের সুপারিশ মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে বাস্তবায়ন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।


৩.২. বর্তমানে অধিদপ্তরের server software টি crack version যা হালনাগাদ করা প্রয়োজন এমতাবস্থায় server software এর license version সংগ্রহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩. অধিদপ্তরের বিদ্যমান ইন্টারনেট সমস্যা সমাধানের লক্ষ্যে আউটসোর্সিং এর ভিত্তিতে আইটি এক্সপার্ট নিযুক্ত করে বিদ্যমান সমস্যা দূরীকরণে মহাপরিচালক মহোদয়কে প্রস্তাব পোশ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪. 'জিএসবি'র কর্মকর্তা-কর্মচারিগণের দাপ্তরিক উপস্থিতি, অবস্থান এবং দপ্তর ত্যাগের সময় নিশ্চিতকল্পে ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রবর্তন' সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক কারিগরী বিনির্দেশ (Technical Specification) প্রস্তুত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৫. মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর সংস্থার বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ণ কাঠামো, ২০১৮-১৯ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।


৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
(সাহিদুল হোসেন)  
পরিচালক (ভূতত্ত্ব)  
সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি  
ফোনঃ ৫৮৩১২২১৬৮  
E-mail: hossain747@gmail.com

স্নারক নম্বরঃ - ২৮.০৫.০০০০.০১০.০৮.০০৩.১৩.(খন্ড-১) / ৭৬৪৬  
তারিখঃ ১৫ কার্ত্তিক, ১৪২৫ বঙ্গাব্দ  
৩০ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠতার ক্রমানুসারে নথি)

- ১) জনাব সাহিদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৩) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৪) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খন্ন প্রকৌশল), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব কাজী মানসুর আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৬) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯) নথিতে সংরক্ষণের জন্য।

  
(রাজিব কুমার সাহা)  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)  
সদস্যসচিব  
ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি  
E-mail: rajibkumarsaha@hotmail.com